# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ২. ১৮. পাক-রূহ ও আল্লাহর রহমত বিষয়ে যাকোবের উদ্ধৃতি

ইয়াকুব/ যাকোব তাঁর পত্রে লেখেছেন (কি. মো.-২০০৬): “তোমরা কি মনে কর যে, পাক-কিতাব (scripture) মিথ্যাই এই কথা বলে যে, পাক-রূহ যাকে আল্লাহ আমাদের দিলে দিয়েছেন, তিনি আমাদের এবাদত পাওয়ার জন্য আগ্রহের সংগে অপেক্ষা করে আছেন?  কিন্তু আল্লাহর রহমত আরও বেশি। সেজন্য কিতাবে লেখা আছে, ‘আল্লাহ অহংকারীদের বিরুদ্ধে দাঁড়ান, কিন্তু নম্রদের রহমত করেন (God resisteth the proud, but giveth grace unto the humble)।” (ইয়াকুব ৪/৫-৬)

এখানে যাকোব পাক-কিতাব (scripture) থেকে দুটো উদ্ধৃতি দিয়েছেন। বাইবেল বিশেষজ্ঞরা একমত যে, প্রথম উদ্ধৃতি শতভাগ ভিত্তিহীন। পাক-কিতাবের কোথাও তা নেই। দ্বিতীয় উদ্ধৃতিটা হিতোপদেশ বা মেসাল (The proverbs) পুস্তকে আংশিক বিদ্যমান। যাকোব বিকৃতভাবে তা উদ্ধৃত করেছেন। মেসাল/ হিতোপদেশ/ The proverbs ৯/৩৪ (কিতাবুল মোকাদ্দস-২০০৬): “যারা ঠাট্টা-বিদ্রূপ করে তাদেরও তিনি ঠাট্টা-বিদ্রূপ করেন, কিন্তু নম্রদের রহমত দান করেন। (Surely he scorneth the scorners: but he giveth grace unto the lowly)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14226

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন